

# ସ୍ମୃତିଭାବିତ୍ୟ

ରାବି ଶିକ୍ଷକେର ବିରଂକ୍ରେ ତଦନ୍ତ କମିଟି ବାତିଲ ଦାବି

প্রকাশ : ০৬ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



ৰাজশাহী বুরো

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সভাপতি অধ্যাপক এসএম একরাম উল্যাহর বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক অভিযোগ ও গঠিত তদন্ত কমিটি বাতিল করাসহ ৬ দফা দাবি জানিয়ে মানববন্ধন করেছেন শিক্ষার্থীরা। মঙ্গলবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী একাডেমিক ভবনের সামনে থেকে একটি মিছিল বের হয়। পরে ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে শহীদ তাজউদ্দীন আহমদ সিনেট ভবনের সামনে মানববন্ধনের আয়োজন করেন শিক্ষার্থীরা। এতে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের দুই শতাধিক শিক্ষার্থী অংশ নেন। শিক্ষার্থীদের ৬ দফা দাবি হল- দুদিনের মধ্যে একরাম স্যারের বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক তদন্ত কমিটি বাতিল, দুর্নীতিমুক্ত শিক্ষাস্থল, ক্যাম্পাসে শিক্ষক-শিক্ষার্থীর নিরাপত্তা নিশ্চিত, বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ, দুর্নীতিতে জড়িতদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা এবং বিনা কারণে কাউকে হয়রানি না করা। মানববন্ধনে শিক্ষার্থীরা বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা যখন দেশে দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা করেছেন, সেখানে দুর্নীতির বিরুদ্ধে আন্দোলন করার জন্য রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সভাপতি অধ্যাপক এসএম একরাম উল্যাহর বিরুদ্ধে তদন্ত কমিটি হয়েছে। আন্দোলন থেকে বিরত রাখতেই এই সিদ্ধান্ত।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার  
বেআইনি।